

পথ এখনো শেষ হল না, মিলিয়ে এল দিনের ভাতি ।

তোমার আমার মাঝখানে হয় আসবে কখন আঁধার রাতি ॥

এবার তোমার শিখা আনি

জ্বালাও আমার প্রদীপখানি,

আলোয় আলোয় মিলন হবে পথের মাঝে পথের সাথি ॥

ভালো করে মুখ যে তোমার যায় না দেখা সুন্দর হে—

দীর্ঘ পথের দারুণ গ্লানি তাই তো আমায় জড়িয়ে রহে ।

ছায়ায়-ফেরা ধুলায়-চলা

মনের কথা যায় না বলা,

শেষ কথাটি জ্বালবে এবার তোমার বাতি আমার বাতি ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Style: Iman-Kalingara-Baul  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail